

উপজেলা পরিষদের মাসিক ২৩তম সভার কার্যবিবরণী

সভাপতি	: কায়সারুল হক জুয়েল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার।
সভার তারিখ ও সময়	: ১৮/০৮/২০২১ খ্রিষ্টাব্দ, সকাল-১১.০০ টা
সভার স্থান	: উপজেলা পরিষদ সন্মেলন কক্ষ, কক্সবাজার সদর
সভার উপস্থিতি	: পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত

উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে শোকাবহ আগস্ট মাসে জাতির জনক বঙ্গবন্ধুসহ ১৫ আগস্টে শাহাদাত বরণকারী সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাদের আত্মার শান্তি কামনা করে আজকের সভায় প্রধান অতিথি হিসেবে জনাব সাইমুম সরওয়ার কমল, মাননীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু) প্রধান অতিথি হিসেবে উপস্থিত হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ হতে শুভেচ্ছা জ্ঞাপন করেন। পরে উপজেলা নির্বাহী অফিসার আজকের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যানকে সভার সভাপতিত্ব করার অনুরোধ করেন। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এজেণ্ডা অনুযায়ী সভা সম্বলনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় ২২তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কারো কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। পরবর্তীতে সভাপতি বিভাগওয়ারী স্ব-স্ব কর্মকর্তাগণকে তাঁদের দপ্তরের কর্মকান্ড সম্পর্কে সভায় অবহিত করার জন্য অনুরোধ জানানো হলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	আইসিটি/ওয়েব পোর্টাল সম্পর্কিত : উপজেলা পরিষদসহ এর আওতাধীন অন্যান্য দপ্তরসমূহের ওয়েব পোর্টাল এখনো হালনাগাদ করা হয়নি। ওয়েব পোর্টাল হালনাগাদ না থাকায় প্রতিটি দপ্তরের সাথে যোগাযোগক্রমে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া কষ্টসাধ্য হয়ে পড়ে। সরকারের এটুআই প্রকল্পের নির্দেশনামতে ওয়েব পোর্টালে সকল দপ্তরের হালনাগাদ তথ্য থাকা প্রয়োজন। এছাড়া প্রতিটি ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালও হালনাগাদ করার বিষয়ে বিগত সভায়ও আলোচনা করা হয়। কিন্তু উপজেলা পরিষদসহ এর আওতাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীসহ ও ইউনিয়ন পরিষদ সমূহের ওয়েব পোর্টাল নির্দেশনামতে এখনো পর্যন্ত হালনাগাদ না হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার অসন্তোষ প্রকাশ করেন। উপজেলা নির্বাহী অফিসার যতদ্রুত সম্ভব ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সভাপতি এটুআইয়ের নির্দেশনামতে এখনো পর্যন্ত কক্সবাজার সদর উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ না হওয়ায় অসন্তোষ প্রকাশ করে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদসহ এর আওতাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল জরুরী ভিত্তিতে হালনাগাদ করার জন্য সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদরকে নির্দেশনা প্রদান করেন।	১। সহকারী প্রোগ্রামার, সদর, কক্সবাজার। ২। স্ব-স্ব দপ্তর প্রধান, সদর, কক্সবাজার। ৩। চেয়ারম্যান, ইউপি (সকল), সদর, কক্সবাজার।
০২.	ইউনিয়ন পরিষদের মাসিক সভা সংক্রান্ত : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রতিমাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী মাসের মাসের প্রথম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণের জন্য সরকারিভাবে নির্দেশনা আছে। এছাড়াও প্রত্যেক মাসে মাসিক সভায় ইউনিয়ন পরিষদের মাসিক সভা করে যথাসময়ে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য বার বার বলা সত্ত্বেও ইউনিয়ন পরিষদ থেকে তা যথাসময়ে প্রেরণ করা হয় না। প্রতিমাসে আবশ্যিকভাবে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে উপজেলা পরিষদের প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদানের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ যথাসময়ে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে উপজেলা পরিষদে সভার কার্যবিবরণী প্রেরণ না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদে প্রতি মাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সভার কার্যবিবরণী প্রেরণের বিষয়টি স্ব-স্ব ইউপি সচিবগণকে নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	১। চেয়ারম্যান, ইউপি (সকল), সদর, কক্সবাজার। ২। ইউপি সচিব (সকল), সদর, কক্সবাজার।
০৩.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন ইপিআইঃ কক্সবাজার সদর উপজেলায় ২৪১ টি অস্থায়ী টিকাদান কেন্দ্র রয়েছে। ১৮৬০ জন শিশুকে রুটিন ইপিআইতে টিকা প্রদান করা হয়। ১৭০ জন গর্ভবতী মহিলাকে টিডি টিকা প্রদান করা হয়েছে। ৯১৮ জন (১৫-৪৯ বছর) সাধারণ মহিলাকে টিডি টিকা প্রদান করা হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, কক্সবাজার।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	<p>কমিউনিটি ক্লিনিকঃ</p> <p>কক্সবাজার সদর উপজেলায় ২৯ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। উক্ত ক্লিনিক সমূহে ২৮ জন কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) কর্মরত। সর্বমোট ৫২১ জন গর্ভবতী মহিলাকে এএনসি সেবা প্রদান করা হয় ও ১০৬ জনকে পিএনসি সেবা প্রদান করা হয়। ৪৯৮১ জন পুরুষ রোগী এবং ১২৪৯৯ জন মহিলা, সর্বমোট-১৬৭৭৫ জন রোগীকে সেবা প্রদান করা হয়। ৮৮ জন পুরুষ এবং ১৭৫ জন মহিলা, সর্বমোট-২৬৩ জন রোগীকে রেফার করা হয়।</p> <p>ঈদগাঁও উপ-স্বাস্থ্য কেন্দ্রঃ</p> <p>উক্ত কেন্দ্রে ৯৯৫ জন পুরুষ এবং ১৭২১ জন মহিলা সর্বমোটঃ ২৭১৬ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। সর্বমোট ২৬৫ জন গর্ভবতী মহিলাকে এএনসি সেবা প্রদান করা হয়।</p> <p>ম্যালেরিয়াঃ ৪১১৪ জন রোগীকে ম্যালেরিয়া পরীক্ষা করা হয়। ৫ জন ম্যালেরিয়া রোগী সনাক্তকরণ করা হয় এবং চিকিৎসা প্রদান করা হয়।</p> <p>পুষ্টি কার্যক্রমঃ</p> <p>অত্র উপজেলায় জুলাই মাসে ৫৭৯৮ জন শিশুকে স্ক্রিনিং করা হয় এবং ১৭ জন মারাত্মক অপুষ্টি শিশুকে চিকিৎসা প্রদান সহ মায়ের বুকের দুধ ও বাড়তি খাবারের জন্য কাউন্সেলিং করা হয়।</p> <p>টিবি-লেন্সেসীঃ</p> <p>গত জুলাই মাসে মোট ৬৫ জন টিবি রোগীকে সনাক্ত ও চিকিৎসা প্রদান করা হয়। চিকিৎসাধীন এমডিআর টিবি রোগীর সংখ্যা ০২১ জন। লেন্সেসী রোগীর সংখ্যা ০৫ জন।</p> <p>করোনা ভাইরাস (কোভিড-১৯)ঃ</p> <p>কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমঃ</p> <p>কোভিড-১৯ টিকাদান কার্যক্রম ০৭/০২/২০২১ ইং তারিখে শুরু হয়েছে। কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য ১৭/০৮/২০২১ ইং পর্যন্ত অনলাইনে রেজিস্ট্রেশন করেছে ১১৬২২১ জন। আর ০৭/০২/২০২১ ইং তারিখ হতে ১৭/০৮/২০২১ ইং তারিখ পর্যন্ত মোট ৩৪৫০৭ জন কোভিড-১৯ ভ্যাকসিনের ১ম ডোজ টিকা নিয়েছে। তৎমধ্যে ২২৭৭০ জন পুরুষ আর ১১৭৩৭ জন মহিলা। গত ০৮/০৮/২০২১ ইং হতে ১৭/০৮/২০২১ ইং পর্যন্ত মোট ২১৫৪১ জন কোভিড-১৯ এর ২য় ডোজ টিকা নিয়েছে তৎমধ্যে ১৫২২৮ জন পুরুষ আর ৬৩১৩ জন মহিলা।</p> <p>নমুনা সংগ্রহঃ</p> <p>কক্সবাজার সদর উপজেলার নমুনা সংগ্রহের জন্য বর্তমানে পৌরসভার নমুনা সংগ্রহ বুথ ও ঈদগাঁও নমুনা সংগ্রহ বুথ চলমান আছে। গত ০১ জুলাই ২০২১ ইং হতে ৩১ জুলাই পর্যন্ত পৌরসভায় ১২২২ জন রোগীর নমুনা সংগ্রহ করা হয় এবং ঈদগাঁও এর নমুনা সংগ্রহ হলো ৩২০ জন। সবমিলিয়ে গত ০১ জুলাই ২০২১ ইং হতে ৩১ জুলাই ২০২১ ইং পর্যন্ত সদর উপজেলায় নমুনা সংগ্রহ হলো ১৫৪২ জন।</p> <p>পজিটিভ রোগীর সংখ্যাঃ</p> <p>গত জুলাই মাসে সদর উপজেলার মোট পজিটিভ রোগী হলো ১২৭৫ জন। তৎমধ্যে সদরের হলো ৩৪২ জন আর পৌরসভার হলো ৯৩৩ জন। গত জুলাই মাসে কোভিড-১৯ আক্রান্ত ২৬ জন রোগী মৃত্যুবরণ করেছে।</p> <p>কন্টাক্ট ট্রেসিং ও টেলিমেডিসিন সেবা কার্যক্রমঃ</p> <p>অত্র সদর উপজেলায় কোভিড-১৯ পজিটিভ রোগীর কন্টাক্ট ট্রেসিং এর কাজ শুরু করা হয় ০৭ এপ্রিল ২০২১ ইং থেকে এবং একই সাথে কোভিড-১৯ রোগীদের টেলিমেডিসিন সেবা দেওয়া হয়।</p> <p>বিবিধঃ</p> <p>গত ০৭/০৮/২০২১ ইং তারিখের কোভিড-১৯ টিকাদান ক্যাম্পেইনে সদর উপজেলায় মোট ৬০০০ জন আর পৌরসভায় ২৪০০ জন কে ১ম ডোজ টিকা প্রদান করা হয়। সবমিলিয়ে সর্বমোট ৮৪০০ জন কে টিকা প্রদান করা হয়। তৎমধ্যে পুরুষ ৪৯১৫ হলো জন আর মহিলা হলো ৩৪৮৫ জন।</p>		

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী																																																														
০৪.	<p>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :</p> <p>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কক্সবাজার সদর সভায় জানান, সদর উপজেলায় মোট সাক্ষর দম্পতির সংখ্যা-৮৪,৩৪৪ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ৬৬,৮২৭ জন এবং গ্রহণকারীর হার ৭৯.২৩%। এর মধ্যে খাবার বড়ি গ্রহণকারী ৩১,৩০১ জন, কনডম ৭,৭৭৭ জন, ইনজেকশন ১৪,৬৬৭ জন, আইইউডি ২,৬৬৯ জন, ইমপ্লান্ট ৪,৮৫১ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ২,১২৩ জন, স্থায়ী পদ্ধতি (মহিলা)- ৩,৪৩৯ জন। এছাড়া ৩,৬৮৮ জন গর্ভবতী মাকে গর্ভকালীন সেবা ১,৪৯১ জন প্রসূতি মাকে প্রসবোত্তর সেবা ৫,০৮৮ জনকে সাধারণ রোগের এবং ৪০৬ স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৩০ টি স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। এছাড়া মহামারী করোনা নতুন পরিস্থিতি মোকাবেলায় বর্তমানে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ চরম বুকি নিয়ে তাদের অর্পিত দায়িত্ব পালন করেন এবং তাদের সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষা সামগ্রির খুবই প্রয়োজন এছাড়া সংক্রমণ মুক্ত সেবা কেন্দ্র নিশ্চিত করে সেবা কার্যক্রম চলমান রাখার জন্য প্রতিটি সেবা কেন্দ্রে বর্জ্য ব্যবস্থাপনা করা খুবই জরুরী। বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রতিটি সেবা কেন্দ্রে পিট তৈরির একান্ত প্রয়োজন। এসব বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া কর্মকর্তা/কর্মচারীদের সুরক্ষা সামগ্রী ও বর্জ্য ব্যবস্থাপনার জন্য উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কক্সবাজার বরাবরে প্রয়োজনীয় বরাদ্দ প্রেরণের লক্ষ্যে পত্র প্রেরণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।</p>	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, কক্সবাজার																																																														
০৫.	<p>উপজেলা প্রাণীসম্পদ অফিস :</p> <p>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, সদর, কক্সবাজার নিম্নোক্তভাবে তাঁর দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।</p> <p>১। গবাদি পশুর টিকা প্রদান করা হয়- ১০০০ টি, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়- ৭০০০ টি।</p> <p>২। কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় উপজেলায় ২৫২ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। পূর্বে প্রজননকৃত গাভীর মধ্য হতে আলোচ্য মাসে ৮৬টি শংকর জাতের বাচ্চা জন্ম হয়েছে।</p> <p>৩। ২০৮৩টি গবাদিপশুর ও ৮৬৬৭টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে।</p> <p>৪। (ক) ডিম উৎপাদন ৭০.২৫ লক্ষ। (খ) দুধ উৎপাদন ১৪২৫ মেঃ টন। (গ) মাংস উৎপাদন ৯৩৯ মেঃ টন।</p> <p>জানামতে বর্তমানে কক্সবাজার সদর উপজেলায় কোন প্রকার সংক্রামক রোগের প্রাদুর্ভাব নাই।</p>	<p>কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, সদর, কক্সবাজার																																																														
০৬.	<p>উপজেলা পল্লী জীবিকায়ন অফিস :</p> <p>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পঞ্জীক) সভায় তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।</p> <p>১। সাংগঠনিক কার্যক্রমঃ</p> <table><tr><th rowspan="2">ক্রঃ নং</th><th colspan="3">সমিতি গঠন</th><th colspan="3">সদস্য ভর্তি</th></tr><tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপূর্ণিত</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপূর্ণিত</th></tr><tr><td>০১</td><td>-</td><td>-</td><td>১০৬</td><td>১০ জন</td><td>-</td><td>৩৫৩৩</td></tr></table> <p>২। পুঁজি গঠন(লক্ষ টাকায়)ঃ</p> <table><tr><th rowspan="2">ক্রঃ নং</th><th colspan="3">শেয়ার</th><th colspan="3">সঞ্চয়</th></tr><tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপূর্ণিত</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপূর্ণিত</th></tr><tr><td>০১</td><td>০.৫০</td><td>-</td><td>৫.৫১</td><td>২.৫০</td><td>-</td><td>২৮.৫০</td></tr></table> <p>৩। ঋণ বিতরণ ও আদায়(লক্ষ টাকায়)ঃ</p> <table><tr><th rowspan="2">ক্রঃ নং</th><th colspan="3">বছরে বিতরণ</th><th colspan="3">বছরে আদায়</th><th rowspan="2">ক্রমপূর্ণিত আদায়ের হার</th></tr><tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপূর্ণিত</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>ক্রমপূর্ণিত</th></tr><tr><td>০১</td><td>১৫৯.১১</td><td>-</td><td>১১৯২.৩৬</td><td>১১৫.৩৮</td><td>১.৪৮</td><td>১০৬৭.৯২</td><td>৯১%</td></tr></table>	ক্রঃ নং	সমিতি গঠন			সদস্য ভর্তি			লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	০১	-	-	১০৬	১০ জন	-	৩৫৩৩	ক্রঃ নং	শেয়ার			সঞ্চয়			লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	০১	০.৫০	-	৫.৫১	২.৫০	-	২৮.৫০	ক্রঃ নং	বছরে বিতরণ			বছরে আদায়			ক্রমপূর্ণিত আদায়ের হার	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	০১	১৫৯.১১	-	১১৯২.৩৬	১১৫.৩৮	১.৪৮	১০৬৭.৯২	৯১%	<p>কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	উপজেলা প্রকল্প কর্মকর্তা (পঞ্জীক) কর্মকর্তা, সদর, কক্সবাজার
ক্রঃ নং	সমিতি গঠন			সদস্য ভর্তি																																																													
	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত																																																											
০১	-	-	১০৬	১০ জন	-	৩৫৩৩																																																											
ক্রঃ নং	শেয়ার			সঞ্চয়																																																													
	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত																																																											
০১	০.৫০	-	৫.৫১	২.৫০	-	২৮.৫০																																																											
ক্রঃ নং	বছরে বিতরণ			বছরে আদায়			ক্রমপূর্ণিত আদায়ের হার																																																										
	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত	লক্ষ্যমাত্রা	অর্জন	ক্রমপূর্ণিত																																																											
০১	১৫৯.১১	-	১১৯২.৩৬	১১৫.৩৮	১.৪৮	১০৬৭.৯২	৯১%																																																										
০৭.	<p>জনস্বাস্থ্য প্রকৌশল অফিস :</p> <p>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সদর, কক্সবাজার সভায় জানান, সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ও গ্রোথ সেন্টার গুলোতে মিনি পাইপ লাইনের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ লক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করা হয়। উল্লেখ্য জরুরী ভিত্তিতে রোহিঙ্গা</p>	<p>বিলংজা, পোকখালী, ইসলামাবাদ, ভারগুয়াখালী ও ঈদগাঁও ইউনিয়নে গ্রোথ</p>	১। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, সদর, কক্সবাজার																																																														

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী												
	সংকট মোকাবিলায় মান্টি সেক্টর প্রকল্প হতে গ্রামীণ পাইপ ওয়াটার সাপ্লাই ফীম, মিনি পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের জন্য উক্ত প্রকল্পের পরিচালক মহোদয় পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর কে অবহিত করেছে। কক্সবাজার সদর উপজেলার ৫টি ইউনিয়নে শ্রোথ সেন্টার গুলোতে স্থান নির্বাচনের ও ৬-৭ শতাংশ জমি দেওয়ার জন্য (ঝিলংজা, পোকখালী, ইসলামাবাদ, ভারতখালী এবং দ্বন্দগাঁও ইউপি) চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরো বলেন, সমগ্র দেশের গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (২০২০-২০২১) ইং অর্থ বৎসর মোট নলকূপ বরাদ্দ-২৬০টি। গভীর নলকূপ-১২২টি, সাবমার্সিবল গভীর নলকূপ-৪৮টি, অগভীর নলকূপ -১৪টি। বিভিন্ন ইউনিয়নে ১৮৪টি গভীর নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে। অগ্রাধিকার মূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প অর্থ বৎসর মোট নলকূপ বরাদ্দ-৫০টি। বিভিন্ন ইউনিয়নে ২৮টি গভীর নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে।	সেন্টারের ৬-৭ শতাংশ জমি নির্ধারণের বিষয়ে য-ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ												
০৮.	<p>পল্লী সঞ্চয় ব্যাংক : ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সদর, কক্সবাজার সভায় তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।</p> <table><tr><th>সমিতি গঠন</th><th>সদস্য ভর্তি</th><th>সঞ্চয় আদায়</th><th>বোনাস প্রদান</th><th>ঘূর্ণায়মান ঋণ তহবিল</th><th>সর্বমোট তহবিল</th></tr><tr><td>২৯০</td><td>১৩,২৫৬</td><td>৩,৪৮,৮৮,৩৩৯/-</td><td>২,৬৫,৯৭,৭০৭/-</td><td>৭,২০,২০,০০০/-</td><td>১৩,৩৫,০৬,০৪৫/-</td></tr></table>	সমিতি গঠন	সদস্য ভর্তি	সঞ্চয় আদায়	বোনাস প্রদান	ঘূর্ণায়মান ঋণ তহবিল	সর্বমোট তহবিল	২৯০	১৩,২৫৬	৩,৪৮,৮৮,৩৩৯/-	২,৬৫,৯৭,৭০৭/-	৭,২০,২০,০০০/-	১৩,৩৫,০৬,০৪৫/-	কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, সদর, কক্সবাজার
সমিতি গঠন	সদস্য ভর্তি	সঞ্চয় আদায়	বোনাস প্রদান	ঘূর্ণায়মান ঋণ তহবিল	সর্বমোট তহবিল										
২৯০	১৩,২৫৬	৩,৪৮,৮৮,৩৩৯/-	২,৬৫,৯৭,৭০৭/-	৭,২০,২০,০০০/-	১৩,৩৫,০৬,০৪৫/-										
০৯.	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, কক্সবাজার জানান ত্রাণ শাখার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তবে সম্প্রতি সারাদেশের ন্যায় কক্সবাজার সদর উপজেলায় অতি বর্ষণ ও পাহাড়ি ঢলের কারণে সৃষ্ট বন্যায় ১৭২৫টি পানিবন্দি পরিবারের মাঝে চিড়া-১কেজি, গুড়-৫০০ গ্রাম, মুড়ি-৫০০ গ্রাম, বিস্কিট-১প্যাকেট, মোমবাতি-১ডজন প্রতিটি প্যাকেটের মূল্য-২২০টি ১৭২৫টি পরিবারের মাঝে ৩,৭৯,৫০০/- (তিন লক্ষ উনআশি হাজার পাঁচশত) টাকার শুকনো খাদ্য বিতরণ করা হয়। কিন্তু সরকারিভাবে কোন বরাদ্দ না থাকায় উক্ত টাকাগুলো এখনো পরিশোধ করা হয়নি। ফলে খাদ্য সামগ্রী ত্রয়কৃত বিভিন্ন প্রতিষ্ঠান হতে উক্ত বকেয়া টাকাগুলো পরিশোধ করার জন্য তাগিদ দিচ্ছে। উক্ত টাকাগুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ এর ৩(ঘ)নং অনুচ্ছেদের আলোকে কোন প্রাকৃতিক দুর্যোগ অথবা বন্যার তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলার জন্য অপ্রত্যাশিত খাত হতে টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে বন্যা পরিস্থিতি মোকাবেলায় ব্যয়কৃত ৩,৭৯,৫০০/- (তিন লক্ষ উনআশি হাজার পাঁচশত) টাকা অপ্রত্যাশিত খাত হতে উত্তোলনের জন্য সভায় অনুরোধ করেন। এ বিষয়ে সভাপতি বলেন, জরুরী বন্যা পরিস্থিতি মোকাবেলা খাদ্য সামগ্রী ত্রয় ব্যবদ যেহেতু ৩,৭৯,৫০০/- (তিন লক্ষ উনআশি হাজার পাঁচশত) টাকা বিভিন্ন প্রতিষ্ঠানে বকেয়া রয়েছে, তাই উক্ত বকেয়া টাকা পরিশোধের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী রাজস্ব তহবিল হতে ৩,৭৯,৫০০/- (তিন লক্ষ উনআশি হাজার পাঁচশত) টাকা উত্তোলনের জন্য সভায় অভিমত ব্যক্ত করেন।</p>	সভায় সর্বসম্মতিক্রমে বন্যা পরিস্থিতি মোকাবেলায় ব্যয়কৃত ৩,৭৯,৫০০/- (তিন লক্ষ উনআশি হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর ২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর												
১০.	<p>উপজেলা প্রকৌশল অফিস : আলোচনা-১ : উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের এডিপির আওতায় ০৪ (চার) কিস্তিতে সর্বমোট ৯৬,৫৬০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া যাবে ধারণা করে দরপত্র আহবান পূর্বক ইতোমধ্যে কাজ বাস্তবায়ন করা হয়েছে। কিন্তু প্রাপ্ত অর্থ সম্ভাব্য বরাদ্দ অপেক্ষা ১০,৪০,৫৯৯.০০ টাকা কম হওয়ায় বিল পরিশোধ করা সম্ভব হয়নি। উক্ত ০৩টি প্যাকেজের কাজ সমূহের ব্যয়ভার চলতি ২০২১-২২ অর্থ বৎসরের এডিপি ১ম কিস্তির বরাদ্দ হতে ২০২০-২০২১ অর্থ বৎসরের সম্পাদিত প্রকল্পের অপরিশোধিত ব্যয়ভার এডিপি বরাদ্দ হতে মেটানোর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।</p>	অপরিশোধিত ০৩টি প্যাকেজ প্রকল্পের ব্যয়ভার ২০২১-২২ অর্থ বৎসরে ১ম কিস্তির প্রাপ্ত এডিপি বরাদ্দ হতে ২০২০-২০২১ অর্থ বৎসরের সম্পাদিত প্রকল্পের অপরিশোধিত ১০,৪০,৫৯৯/- টাকার ব্যয়ভার মিটানোর জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা প্রকৌশলী, সদর, কক্সবাজার												

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী						
১০.	<p>আলোচনা-২ :</p> <p>উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন সহায়ক তহবিল (এডিপি) এর ১ম কিস্তিতে ২১,০৩০০০/(এক লক্ষ তিন হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। একইভাবে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বরাদ্দ আরও ৬৩,০৯,০০০/= টাকা সম্ভাব্য পাওয়া যাবে। বিবেচনায় সর্বমোট ৪ কিস্তি সহ ৮৪,১২,০০০/-টাকা হতে ২০২০-২০২১ অর্থ বৎসরের সম্পাদিত প্রকল্পের অপরিশোধিত ১০,৪০,৫৯৯/-টাকা বাদ দিয়ে অবশিষ্ট ৭৩,৭১,৪০১/- টাকা ইউনিয়ন ওয়ারী আয়তন, জনসংখ্যা ও শিক্ষার হার অনুপাতে বিভাজন করে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের নিকট হতে বিভাজন মোতাবেক প্রকল্প দাখিল করার জন্য সভায় অনুরোধ জানান।</p>	<p>বিভাজন মোতাবেক বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।</p>	<p>১। উপজেলা প্রকৌশলী, সদর, কক্সবাজার</p> <p>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, সদর, কক্সবাজার</p>						
	<p>আলোচনা-৩ :</p> <p>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বাঁকখালী রাবার ড্যাম এর আওতায় কক্সবাজার জেলার সদর উপজেলার দিলংজা ও পিএমখালী এবং রামু উপজেলার চাকমারকুল, মিঠাছড়ি ও রাজারকুল ইউনিয়নের প্রায় ৩০০০ (তিন হাজার) হেক্টরের বেশী জমিতে ব্যাপক চাষাবাদ (ধান এবং শাকসবজি) করা হয়। স্থানীয় কৃষি সম্প্রসারণের অধিদপ্তরের তথ্যমতে এইসকল জমিতে প্রায় ২০ হাজার টনেরও বেশী ধান উৎপাদিত হয় এবং ৩ হাজার টনেরও বেশী শাকসবজি উৎপাদিত হয়। বর্তমানে উৎপাদিত ধান ও শাকসবজির বাজার মূল্য প্রায় ৮০ কোটি টাকার অধিক। এইসব খাদ্য দ্রব্য ও শাকসবজি স্থানীয় চাহিদা পূরন করে জেলায় আগত লক্ষ লক্ষ পর্যটকের চাহিদাও পূরণ করে। রাবার ড্যামটি বন্যা ও ড্রেজিং এর কারণে ক্ষতিগ্রস্ত হলে গত বছর অস্থায়ী বাঁধ নির্মাণের মাধ্যমে কৃষি কাজ সম্পাদন করা হয়েছিল। সম্প্রতি এশিয়া উন্নয়ন ব্যাংকের সহায়তায় এলজিইডি কর্তৃক নতুন রাবার ড্যাম নির্মাণের প্রকল্প গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে প্রয়োজনীয় সমীক্ষা সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য যে, রাবার ড্যামের কমান্ডিং এরিয়া ৩০০০ (তিন হাজার) হেক্টরের বেশী হওয়াতে বর্তমানে ৩টি WMCA গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া রাবার ড্যাম নির্মাণের জন্য PRA সহ প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। এডিবি এবং এলজিইডির উদ্বর্তন কর্মকর্তা/পরামর্শকবৃন্দ একাধিক বার প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন। রাবার ড্যামের প্রয়োজনীয় সমীক্ষা করে ডিজাইন/ড্রইং সম্পন্ন করতে আরও সময়ের প্রয়োজন। বিধায় চলতি অর্থ বছরে এটির বাস্তবায়ন সম্ভব হবে না। এদিকে বিদ্যুৎ এলাকা চাষাবাদ অব্যাহত রাখতে রাবার ড্যাম এলাকায় অস্থায়ী বাঁধ নির্মাণ করা প্রয়োজন। উল্লেখ্য যে বাঁকখালী নদী ড্রেজিং এর ফলে নাব্যতা বৃদ্ধি পেয়েছে। ফলে গতবারের চেয়ে এবার বাঁধের উচ্চতা বৃদ্ধিসহ টেকসই করার জন্য নির্মাণ ব্যয় বৃদ্ধি পেয়েছে।</p>	<p>সভায় সর্বসম্মতিক্রমে বর্ণিত অবস্থায় প্রকল্প এলাকায় চলমান কৃষিকাজ অব্যাহত রেখে খাদ্য উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টির জন্য বাঁকখালী নদীর উপর অস্থায়ী বাঁধ নির্মাণের জন্য উদ্বর্তন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। যেতে পারে।</p>	<p>উপজেলা প্রকৌশলী, সদর, কক্সবাজার</p>						
	<p>আলোচনা-৪ :</p> <p>উপজেলা প্রকৌশলী সভায় জানান, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের জন্য আবাসন ভবন নির্মাণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা পরিষদের বিআরডিবি অফিসের পাশে আবাসন ভবন নির্মাণ করার জন্য ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকায় ঠিকাদার নির্বাচন পূর্বক চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান যে আনসার সদস্যদের জন্য আবাসন ভবন ছাদসহ নির্মান করার জন্য মন্ত্রণালয়ে নতুন করে প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রেরণ করা হলে ১৫,০০,০০০/- টাকার স্থলে অতিরিক্ত ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা অর্থাৎ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা অতিরিক্ত বেশী বরাদ্দসহ নতুন তৈরীকৃত প্রাক্কলনের অনুমোদন পাওয়া যাবে। তাই আনসার সদস্যদের বাসভবন টিনশেড না করে ছাদসহ নির্মাণের জন্য অতিরিক্ত ৫,০০,০০০/- টাকা সহ সর্বমোট ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সভায় সর্বসম্মতিক্রমে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ করার জন্য ২০ (বিশ লক্ষ) টাকার প্রকল্প অনুমোদনের জন্য মন্ত্রণালয়ের প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জরুরী ভিত্তিতে নতুন প্রাক্কলন তৈরী পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।</p>	<p>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর</p> <p>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর</p> <p>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</p>						
	<p>আলোচনা-৫ :</p> <p>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৭/২০২০-২০২১ প্যাকেজ নং- C-Tender/UZDP/ Sadar/Cox/2020-21/UZDP-05এর নিম্নোক্ত প্রকল্পটি বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছিল। কিন্তু ভুলবশত: প্রাক্কলন করার সময় ৪নং প্রকল্পে এইচবিবি এর পরিবর্তে ব্রিক সলিং ধরা হয়েছিল। বাস্তবতার আলোকে প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে এইচবিবি প্রাক্কলন আংশিক সংশোধন করার জন্য অনুরোধ করায় তা নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করা হলো।</p>								
	<table><tr><th>পূর্বে অনুমোদিত প্রকল্পের নাম</th><th>ব্যয়</th><th>বাস্তবায়নের ধরণ</th></tr><tr><td>১। ভারখাখালী ইউনিয়নে চাঁদুর পাড়া রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। ২। ভারখাখালী ইউনিয়নে ০৮ নং ওয়াডঘু আকবর বাপের দোকান হতে মিয়া সবুদাগরের বাড়ি হয়ে নুরুজ্জামান চৌধুরীর বাড়ি অভিমুখি রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। ৩। ভারখাখালী ইউনিয়নে জেটি রাস্তা হতে ওজ্জামা অভিমুখি রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। ৪। জালালাবাদ ইউনিয়নে</td><td>১৭৮৫৮৫৬/-</td><td>ই-টেণ্ডার</td></tr></table>	পূর্বে অনুমোদিত প্রকল্পের নাম	ব্যয়	বাস্তবায়নের ধরণ	১। ভারখাখালী ইউনিয়নে চাঁদুর পাড়া রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। ২। ভারখাখালী ইউনিয়নে ০৮ নং ওয়াডঘু আকবর বাপের দোকান হতে মিয়া সবুদাগরের বাড়ি হয়ে নুরুজ্জামান চৌধুরীর বাড়ি অভিমুখি রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। ৩। ভারখাখালী ইউনিয়নে জেটি রাস্তা হতে ওজ্জামা অভিমুখি রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। ৪। জালালাবাদ ইউনিয়নে	১৭৮৫৮৫৬/-	ই-টেণ্ডার		
পূর্বে অনুমোদিত প্রকল্পের নাম	ব্যয়	বাস্তবায়নের ধরণ							
১। ভারখাখালী ইউনিয়নে চাঁদুর পাড়া রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। ২। ভারখাখালী ইউনিয়নে ০৮ নং ওয়াডঘু আকবর বাপের দোকান হতে মিয়া সবুদাগরের বাড়ি হয়ে নুরুজ্জামান চৌধুরীর বাড়ি অভিমুখি রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। ৩। ভারখাখালী ইউনিয়নে জেটি রাস্তা হতে ওজ্জামা অভিমুখি রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। ৪। জালালাবাদ ইউনিয়নে	১৭৮৫৮৫৬/-	ই-টেণ্ডার							

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী																																																																	
	<p>পূর্বে অনুমোদিত প্রকল্পের নাম</p> <p>ইউনিয়নে ফরাঙ্গীপাড়া সড়ক হতে মীর আহমদের বাড়ি পর্যন্ত ও হাফেজখানা আলভাজের বাড়ি হতে বেড়িনাথ অভিমুখি রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন।</p> <p>ব্যয়</p> <p>১৭৮৫৮৫৬/-</p> <p>বাস্তবায়নের ধরণ</p> <p>ই-টেন্ডার</p> <p>সংশোধিত প্রকল্পের নাম</p> <p>১। ভারখাখালী ইউনিয়নে চাঁদুর পাড়া রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। ২। ভারখাখালী ইউনিয়নে ০৮ নং ওয়াডহু আকবর বাপের দোকান হতে মিঠা সওদাগরের বাড়ি হয়ে নুরজামান চৌধুরীর বাড়ি অভিমুখি রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। ৩। ভারখাখালী ইউনিয়নে জেটি রাস্তা হতে চাচুগাম অভিমুখি রাস্তা ব্রিক সলিং দ্বারা উন্নয়ন। ৪। জালালাবাদ ইউনিয়নে ফরাঙ্গীপাড়া সড়ক হতে মীর আহমদের বাড়ি পর্যন্ত ও হাফেজখানা আলভাজের বাড়ি হতে বেড়িনাথ অভিমুখি রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন।</p> <p>ব্যয়</p> <p>১৭৮৫৮৫৬/-</p> <p>বাস্তবায়নের ধরণ</p> <p>ই-টেন্ডার</p>	<p>সভায় সর্বসম্মতিক্রমে পূর্ব অনুমোদিত শুধুমাত্র ৪নং প্রকল্পটি বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ রেখে সংশোধিত প্রকল্প অনুমোদিত হয়। উক্ত প্রকল্পটি সংশ্লিষ্ট ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন সহায়ক তহবিল হতে নির্বাহ করা হবে।</p>	<p>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর</p> <p>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর</p> <p>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</p>																																																																	
	<p>আলোচনা-৬ :</p> <p>উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদের হিন্দোল ভবনের পার্শ্বে ড্রেইন ও সেফটি ট্যাংক নির্মাণ করার জন্য প্রস্তাব সভায় উপস্থাপন করেন।</p> <table> <tr> <th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাকল্পিত টাকার পরিমাণ</th><th>বাস্তবায়নের ধরণ</th></tr> <tr> <td>১।</td><td>উপজেলা পরিষদের হিন্দোল ভবনের পার্শ্বে ড্রেইন ও সেফটি ট্যাংক নির্মাণ</td><td>২০০,০০০.০০</td><td>প্রঃ কমিটি</td></tr> </table>	ক্রঃ নং	প্রকল্পের নাম	প্রাকল্পিত টাকার পরিমাণ	বাস্তবায়নের ধরণ	১।	উপজেলা পরিষদের হিন্দোল ভবনের পার্শ্বে ড্রেইন ও সেফটি ট্যাংক নির্মাণ	২০০,০০০.০০	প্রঃ কমিটি	<p>প্রকল্পটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। প্রকল্পের কাজ প্রকল্প বাস্তবান কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (বাসা-বাড়ী) হতে নির্বাহ করা হবে।</p>	<p>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর</p> <p>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর</p> <p>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</p>																																																									
ক্রঃ নং	প্রকল্পের নাম	প্রাকল্পিত টাকার পরিমাণ	বাস্তবায়নের ধরণ																																																																	
১।	উপজেলা পরিষদের হিন্দোল ভবনের পার্শ্বে ড্রেইন ও সেফটি ট্যাংক নির্মাণ	২০০,০০০.০০	প্রঃ কমিটি																																																																	
১০.	<p>আলোচনা-৭ :</p> <p>উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেইন নির্মাণ করার জন্য প্রস্তাব সভায় উপস্থাপন করেন।</p> <table> <tr> <th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাকল্পিত টাকার পরিমাণ</th><th>বাস্তবায়নের ধরণ</th></tr> <tr> <td>১।</td><td>উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেইন নির্মাণ</td><td>২০০,০০০.০০</td><td>প্রঃ কমিটি</td></tr> </table>	ক্রঃ নং	প্রকল্পের নাম	প্রাকল্পিত টাকার পরিমাণ	বাস্তবায়নের ধরণ	১।	উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেইন নির্মাণ	২০০,০০০.০০	প্রঃ কমিটি	<p>প্রকল্পটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।</p>	<p>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর</p> <p>২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর</p> <p>৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</p>																																																									
ক্রঃ নং	প্রকল্পের নাম	প্রাকল্পিত টাকার পরিমাণ	বাস্তবায়নের ধরণ																																																																	
১।	উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেইন নির্মাণ	২০০,০০০.০০	প্রঃ কমিটি																																																																	
	<p>আলোচনা-৮ :</p> <p>উপজেলা প্রকৌশলী সভায় ২০২১-২০২২ ইং অর্থ বৎসরে এডিপি অতিরিক্ত ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দ ৭৩,৭১,৪০১.০০ টাকার খাত ওয়ারী বিভাজন নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন।</p> <table> <tr> <th>ইউনিয়নের নাম</th><th>কৃষি ও ক্ষুদ্র সেচ ২০%</th><th>বস্তগত অবকাঠামো ৩০%</th><th>আর্থ সামাজিক অবকাঠামো ৫০%</th><th>সর্বমোট</th></tr> <tr> <td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr> <tr> <td>ইসলামপুর</td><td>১০২০৭১.৭৯</td><td>১৫৩১০৭.৬৯</td><td>২৫৫১৭৯.৪৮</td><td>৫১০৩৫৮.৯৫</td></tr> <tr> <td>জালালাবাদ</td><td>৯৬৫৫০.৬১</td><td>১৪৪৮২৫.৯২</td><td>২৪১৩৭৬.৫৩</td><td>৪৮২৭৫৩.০৫</td></tr> <tr> <td>ইসলামাবাদ</td><td>১০৬৩০২.৯৭</td><td>১৫৯৪৫৪.৪৬</td><td>২৬৫৭৫৭.৪৪</td><td>৫৩১৫১৪.৮৭</td></tr> <tr> <td>চৌফলদহী</td><td>১৩৪৩২১.৬৭</td><td>২০১৪৮২.৫১</td><td>৩৩৫৮০৪.১৮</td><td>৬৭১৬০৮.৩৫</td></tr> <tr> <td>পোকখালী</td><td>১৪২৭৮৪.০৪</td><td>২১৪১৭৬.০৬</td><td>৩৫৬৯৬০.১০</td><td>৭১৩৯২০.১৯</td></tr> <tr> <td>হুদুদুল</td><td>১৮০১৪২.৩০</td><td>২৭০২১৩.৪৫</td><td>৪৫০৩৫৫.৭৫</td><td>৯০০৭১১.৪৯</td></tr> <tr> <td>ভারখাখালী</td><td>১২৪৫৬৯.৩১</td><td>১৮৬৮৫৩.৯৬</td><td>৩১১৪২৩.২৭</td><td>৬২২৮৪৬.৫৩</td></tr> <tr> <td>শিএমখালী</td><td>১৮১১২২.৬৯</td><td>২৭১৬৮৪.০৪</td><td>৪৫২৮০৬.৭৪</td><td>৯০৫৬১৩.৪৭</td></tr> <tr> <td>বিলংজা</td><td>২০১৮৬৫.৮২</td><td>৩০২৭৯৮.৭২</td><td>৫০৪৬৬৪.৫৪</td><td>১০০৯১২৯.০৮</td></tr> <tr> <td>ঈদগাঁও</td><td>২০৪৫৪৯.০১</td><td>৩০৬৮২৩.৫১</td><td>৫১১৩৭২.৫২</td><td>১০২২৭৪৫.০৩</td></tr> <tr> <td>সর্বমোট</td><td>১৪৭৪২৮০.২০</td><td>২২১১৪২০.৩০</td><td>৩৬৮৫৭০০.৫১</td><td>৭৩৭১৪০১.০১</td></tr> </table>	ইউনিয়নের নাম	কৃষি ও ক্ষুদ্র সেচ ২০%	বস্তগত অবকাঠামো ৩০%	আর্থ সামাজিক অবকাঠামো ৫০%	সর্বমোট	১	২	৩	৪	৫	ইসলামপুর	১০২০৭১.৭৯	১৫৩১০৭.৬৯	২৫৫১৭৯.৪৮	৫১০৩৫৮.৯৫	জালালাবাদ	৯৬৫৫০.৬১	১৪৪৮২৫.৯২	২৪১৩৭৬.৫৩	৪৮২৭৫৩.০৫	ইসলামাবাদ	১০৬৩০২.৯৭	১৫৯৪৫৪.৪৬	২৬৫৭৫৭.৪৪	৫৩১৫১৪.৮৭	চৌফলদহী	১৩৪৩২১.৬৭	২০১৪৮২.৫১	৩৩৫৮০৪.১৮	৬৭১৬০৮.৩৫	পোকখালী	১৪২৭৮৪.০৪	২১৪১৭৬.০৬	৩৫৬৯৬০.১০	৭১৩৯২০.১৯	হুদুদুল	১৮০১৪২.৩০	২৭০২১৩.৪৫	৪৫০৩৫৫.৭৫	৯০০৭১১.৪৯	ভারখাখালী	১২৪৫৬৯.৩১	১৮৬৮৫৩.৯৬	৩১১৪২৩.২৭	৬২২৮৪৬.৫৩	শিএমখালী	১৮১১২২.৬৯	২৭১৬৮৪.০৪	৪৫২৮০৬.৭৪	৯০৫৬১৩.৪৭	বিলংজা	২০১৮৬৫.৮২	৩০২৭৯৮.৭২	৫০৪৬৬৪.৫৪	১০০৯১২৯.০৮	ঈদগাঁও	২০৪৫৪৯.০১	৩০৬৮২৩.৫১	৫১১৩৭২.৫২	১০২২৭৪৫.০৩	সর্বমোট	১৪৭৪২৮০.২০	২২১১৪২০.৩০	৩৬৮৫৭০০.৫১	৭৩৭১৪০১.০১	<p>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর</p>
ইউনিয়নের নাম	কৃষি ও ক্ষুদ্র সেচ ২০%	বস্তগত অবকাঠামো ৩০%	আর্থ সামাজিক অবকাঠামো ৫০%	সর্বমোট																																																																
১	২	৩	৪	৫																																																																
ইসলামপুর	১০২০৭১.৭৯	১৫৩১০৭.৬৯	২৫৫১৭৯.৪৮	৫১০৩৫৮.৯৫																																																																
জালালাবাদ	৯৬৫৫০.৬১	১৪৪৮২৫.৯২	২৪১৩৭৬.৫৩	৪৮২৭৫৩.০৫																																																																
ইসলামাবাদ	১০৬৩০২.৯৭	১৫৯৪৫৪.৪৬	২৬৫৭৫৭.৪৪	৫৩১৫১৪.৮৭																																																																
চৌফলদহী	১৩৪৩২১.৬৭	২০১৪৮২.৫১	৩৩৫৮০৪.১৮	৬৭১৬০৮.৩৫																																																																
পোকখালী	১৪২৭৮৪.০৪	২১৪১৭৬.০৬	৩৫৬৯৬০.১০	৭১৩৯২০.১৯																																																																
হুদুদুল	১৮০১৪২.৩০	২৭০২১৩.৪৫	৪৫০৩৫৫.৭৫	৯০০৭১১.৪৯																																																																
ভারখাখালী	১২৪৫৬৯.৩১	১৮৬৮৫৩.৯৬	৩১১৪২৩.২৭	৬২২৮৪৬.৫৩																																																																
শিএমখালী	১৮১১২২.৬৯	২৭১৬৮৪.০৪	৪৫২৮০৬.৭৪	৯০৫৬১৩.৪৭																																																																
বিলংজা	২০১৮৬৫.৮২	৩০২৭৯৮.৭২	৫০৪৬৬৪.৫৪	১০০৯১২৯.০৮																																																																
ঈদগাঁও	২০৪৫৪৯.০১	৩০৬৮২৩.৫১	৫১১৩৭২.৫২	১০২২৭৪৫.০৩																																																																
সর্বমোট	১৪৭৪২৮০.২০	২২১১৪২০.৩০	৩৬৮৫৭০০.৫১	৭৩৭১৪০১.০১																																																																

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী							
১০.	আলোচনা-৯ : উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরে উপজেলা উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকার বিভাজন করতঃ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের নিকট হতে বিভাজন মোতাবেক জরুরী ভিত্তিতে প্রকল্প দাখিল করার জন্য সভায় অনুরোধ করেন।	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে জরুরী ভিত্তিতে প্রকল্প দাখিল করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর ২। চেয়ারম্যান, ইউপি (সকল), কক্সবাজার সদর							
	আলোচনা-১০ : উপজেলা প্রকৌশলী জানান যে, কক্সবাজার সদর উপজেলা পরিষদের সামনের অংশ বাউন্ডারী ওয়াল না থাকায় উপজেলা পরিষদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। তাই উপজেলা পরিষদের সামনে বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য ৩২,৪৫,০০২/- টাকার প্রাক্কলন তৈরী করা হয়েছে। উক্ত প্রাক্কলন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় অনুমোদনের জন্য প্রেরণ করার প্রস্তাব করেন।	সভায় সর্বসম্মতিক্রমে কক্সবাজার সদর উপজেলা পরিষদের সামনের অংশে নিরাপত্তার জন্য বাউন্ডারী ওয়াল নির্মাণের নিমিত্ত ৩২,৪৫,০০২/- টাকার প্রাক্কলন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখায় অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।	উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর							
	আলোচনা-১১ : উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, দুই জন উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস রুম সজ্জিত করণ ও মেরামত করার জন্য নিম্নোক্ত প্রকল্পটি বাস্তবায়ন করার প্রস্তাব সভায় উপস্থাপন করেন।	সভায় সর্বসম্মতিক্রমে প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পের কাজ কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বহন করা হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর							
	<table border="1"> <tr> <th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত টাকার পরিমাণ</th><th>বাস্তবায়নের ধরন</th></tr> <tr> <td>১।</td><td>দুই জন উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস রুম সজ্জিত করণ ও মেরামত</td><td>১০,০০,০০০.০০</td><td>কোটেশন</td></tr> </table>	ক্রঃ নং	প্রকল্পের নাম	প্রাক্কলিত টাকার পরিমাণ	বাস্তবায়নের ধরন	১।	দুই জন উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস রুম সজ্জিত করণ ও মেরামত	১০,০০,০০০.০০	কোটেশন	
ক্রঃ নং	প্রকল্পের নাম	প্রাক্কলিত টাকার পরিমাণ	বাস্তবায়নের ধরন							
১।	দুই জন উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস রুম সজ্জিত করণ ও মেরামত	১০,০০,০০০.০০	কোটেশন							
১১.	আলোচনা-১২ সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, দেশব্যাপী গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর আওতায় স্থানীয় সরকার বিভাগ হতে কক্সবাজার সদর উপজেলাধীন ঈদগাঁও বাজারে মার্কেট ভবন নির্মাণের জন্য টেন্ডারের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। কিন্তু মার্কেট ভবন নির্মাণের জায়গায় বর্তমানে পুরাতন ও জরাজীর্ণ সেড থাকায় নিলামের মাধ্যমে জায়গা খালি করা প্রয়োজন। উক্ত বাজার সেড সমূহ নিলাম করার জন্য ১,২০,২৩৮/- (একলক্ষ বিশ হাজার দুইশত আটত্রিশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ঈদগাঁও বাজারে মার্কেট ভবন নির্মাণের স্বার্থে নিলামের মাধ্যমে জায়গা খালি করে দেয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন।	সভায় বিস্তারিত আলোচনার পর দেশব্যাপী গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর আওতায় স্থানীয় সরকার বিভাগ হতে কক্সবাজার সদর উপজেলাধীন ঈদগাঁও বাজারে মার্কেট ভবন নির্মাণের জন্য পুরাতন বাজার সেড সমূহ নিলাম করার জন্য ১,২০,২৩৮/- (একলক্ষ বিশ হাজার দুইশত আটত্রিশ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং গঠিত কমিটির মাধ্যমে নিলাম কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর ২। চেয়ারম্যান, ইউপি (সকল), কক্সবাজার সদর ৩। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর							
	বিবিধ আলোচনা-১ : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, কক্সবাজার সদর উপজেলা পরিষদ চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের উপর অবস্থিত। ফলে কক্সবাজার জেলায় আগত সরকারের বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তা কক্সবাজার সফরে আসলে কক্সবাজার সদর উপজেলা দর্শন/পরিদর্শন করে থাকেন। কিন্তু কক্সবাজার সদর উপজেলা হিসেবে উপজেলা পরিষদটি পরিপাটি নেই। তাই কক্সবাজার সদর উপজেলা পরিষদের সৌন্দর্য বৃদ্ধির স্বার্থে কিছু প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। উপজেলা পরিষদের সৌন্দর্য বৃদ্ধি, নিরাপত্তা রক্ষা এবং পরিষ্কার পরিচ্ছন্নতাসহ উপজেলা পরিষদের বিভিন্ন কার্যাদি সম্পাদনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী বিভিন্ন অর্থ ব্যয়ের নির্দেশনা আছে। এরই আলোকে কক্সবাজার সদর উপজেলা পরিষদের সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত প্রকল্পগুলো গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। প্রকল্প সমূহ নিম্নলিখিত :	সভায় সর্বসম্মতিক্রমে কক্সবাজার সদর উপজেলা পরিষদের সৌন্দর্য বৃদ্ধি এবং অফিসের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী স্ব-অনুচ্ছেদের উল্লেখিত বরাদ্দ অনুযায়ী ব্যয় নির্বাহ করে প্রকল্পগুলো সম্পাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখিত প্রকল্পের	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর ২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর							

ক্র: নং	আলোচনা					সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	ক্র: নং	প্রকল্পের নাম	সম্ভাব্য ব্যয়	কাজ সমাপ্তের ধরন	রাজস্ব তহবিলের নির্দেশিত অনুচ্ছেদ		
	১	অফিস সরঞ্জামাদি ক্রয়	২,০০,০০০/-	প্রকল্প কমিটির মাধ্যমে	৩(চ) নং অনুচ্ছেদ	ব্যয়িত অর্থ সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
	২	অসবাবপত্র ক্রয়/মেরামত	১.৫০,০০০/-	প্রকল্প কমিটির মাধ্যমে	৩(ছ) নং অনুচ্ছেদ		
	৩	অফিস সরঞ্জামাদি মেরামত	৫০,০০০/-	স্থানীয় বাজার দর খাচাইয়ের মাধ্যমে	৩(জ) নং অনুচ্ছেদ		
	৪	প্রোগ্রাম সার্কিট ক্যামেরা স্থাপন	২,০০,০০০/-	প্রকল্প কমিটির মাধ্যমে	৩(প) নং অনুচ্ছেদ		
এ বিষয়ে সভাপতি বলেন, অফিসের সৌন্দর্য বৃদ্ধি ও দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উল্লেখিত প্রকল্পগুলো অত্যন্ত প্রয়োজন। তাই উক্ত প্রকল্পগুলো গ্রহণের জন্য সভায় সকলের মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।							
বিবিধ আলোচনা - ২ : উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ আইন এর ৩৮ ধারা অনুযায়ী অর্থ বছর শুরুর ৩০ (ত্রিশ) দিন পূর্বে বাজেট অনুমোদন করতে হয়। কিন্তু চলতি অর্থ বছরের তিনমাস অতিবাহিত হলেও এখনো পর্যন্ত কোন বাজেট প্রস্তুত করা হয়নি। এ বিষয়ে তিনি সভায় অসন্তোষ প্রকাশ করেন। সভায় উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট প্রস্তুতের জন্য একটি পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের জন্য উপজেলা নির্বাহী অফিসার সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।						সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট প্রস্তুত করার জন্য নিম্নোক্ত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয় : ১। উপজেলা প্রকৌশলী-আহবায়ক ২। উপজেলা সমবায় কর্মকর্তা-সদস্য ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-সদস্য ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-সদস্য ৫। সহকারী প্রোগ্রামার-সদস্য বর্ষিক কমিটি আগামী মাসিক উপজেলা পরিষদের সভার পূর্বে উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট প্রস্তুতপূর্বক উপস্থাপন করবেন।	১। উপজেলা প্রকৌশলী, কক্সবাজার সদর ২। উপজেলা সমবায় কর্মকর্তা, কক্সবাজার সদর ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কক্সবাজার সদর ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কক্সবাজার সদর ৫। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর
বিবিধ আলোচনা-৩ : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, ১৪২৮ বাংলা সনে কক্সবাজার সদর উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন ক্যালেন্ডারভুক্ত ১৯টি বাজারের মধ্যে ১৭টি বাজার ইজারা প্রদান করা হয় এবং ০২টি বাজার খাস কালেকশন প্রদান করা হয়। ইজারা প্রদানকৃত ১৭টি বাজারের মধ্যে ১০টি বাজারের সমুদয় ইজারামূল্য পরিশোধ হয়েছে। অবশিষ্ট ৭টি বাজারের মধ্যে ৫টি বাজারের পর্যায়ক্রমে ইজারামূল্য পরিশোধ অব্যাহত রাখলেও ইসলামাবাদ ইউনিয়নের ফকিরা বাজারের ইজারাদার জনাব তারেক আজিজ, পিতা-মৃত এনতাজুল হক, সাং-উত্তর মাইজপাড়া, ঈদগাঁও, সদর, কক্সবাজার এবং ঈদগাঁও ইউনিয়নের কালিরছড়া বাজারের ইজারাদার জনাব রাশেদুল হক চৌধুরী রিয়াদ, পিতা-মরহুম এনামুল হক, সাং- উত্তর মাইজপাড়া, ঈদগাঁও, সদর, কক্সবাজার-কে বার বার তাগিদ দেয়ার পরেও তারা ইজারামূল্য পরিশোধ করছে না এবং অফিসের সাথে কোন যোগাযোগ রাখছে না। ফলে উক্ত দুইটি বাজারের ইজারামূল্য আদায় করা সম্ভব হচ্ছে না। সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার ৩.৪নং অনুচ্ছেদের আলোকে ইজারাদার যথাসময়ে ইজারামূল্য পরিশোধ না করলে জামানত বাবদ দাখিলকৃত পে-অর্ডার বাজেয়াপ্ত হবে মর্মে উল্লেখ রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে যেহেতু উল্লেখিত ০২টি বাজারের ইজারাদার অদ্যাবধি ইজারামূল্য পরিশোধ করেন নাই এবং বার বার পত্র দেয়ার পরও ইজারামূল্য পরিশোধের জন্য কোন প্রকার অফিসের সাথে যোগাযোগ করছেন না সেলক্ষ্যে উক্ত ০২টি বাজারের দাখিলকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক তার ইজারা বাতিল করে খাস কালেকশনের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।						সভায় সর্বসম্মতিক্রমে ইসলামাবাদ ইউনিয়নের ফকিরা বাজার ও ঈদগাঁও ইউনিয়নের কালিরছড়া বাজারের ইজারাদারগণ ১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারার সমুদয় অর্থ পরিশোধ না করায় সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার ৩.৪নং অনুচ্ছেদের আলোকে তাদের দাখিলকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক ইজারা বাতিল বাজার ০২টি খাস কালেকশনের ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর ২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	বিবিধ আলোচনা-৪ : উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন তহবিল হতে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য বরাদ্দকৃত ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হতে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা আছে। যা অবকাঠামো উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। তাই প্রকল্প বাছাই কমিটি ৩০/০৭/২০২১ খ্রিষ্টাব্দ তারিখের সিদ্ধান্ত মোতাবেক ২টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প ২টি হলো : (ক) মাধ্যমিক বিদ্যালয়ে হাই-বেঞ্চ ও লো-বেঞ্চ সরবরাহ-২৮,৩৫,০০০/- টাকা (খ) কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবরাহ-১১,১৫,০০০/- টাকা।	সভায় সর্বসম্মতিক্রমে বর্ণিত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর ২। উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর ৩। ইউডিএফ কক্সবাজার সদর

প্রধান অতিথির বক্তব্য : জনাব সাইমুম সরওয়ার কমল, মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু) সভায় ১৫ আগস্টে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের অন্যান্য শাহাদত বরণকারী সকলের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন। তিনি বলেন, জাতির জনকের কন্যা জননেত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে অক্লান্ত পরিশ্রম করে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তাই সরকার হতে প্রাপ্ত প্রতিটি উন্নয়নমূলক বরাদ্দ যথাযথভাবে কাজে লাগিয়ে দেশকে উন্নয়নশীল দেশে রূপান্তরিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানগণ, সকল ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য উপস্থিত সকলকে মুজিব শতবর্ষে মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত গৃহীতদের ঘর প্রদানসহ সকল দপ্তরে প্রাপ্ত সরকারি বরাদ্দ সমূহ সঠিকভাবে বন্টন এবং ঘর প্রদানের ক্ষেত্রে প্রকৃত গৃহীতদের ঘর প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জানান।

পরিশেষে সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকল দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিভিন্ন কার্যক্রম ও পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় প্রস্তাব উপস্থাপনের জন্য ধন্যবাদ জানান এবং সকল দপ্তর প্রধানগণকে যথাসময়ে সভার কার্যপত্র প্রেরণের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ratmul

কায়সারুল হক জুয়েল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কক্সবাজার সদর, কক্সবাজার

স্মারক নং-০৫.২০.২২০০.২২২৪.২০২১-৫৭১

তারিখ : ০৩ ভাদ্র ১৪২৮ বাংলা
১৮ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মাননীয় সংসদ সদস্য-২৯৬, কক্সবাজার-৩ (সদর-রামু)
- ০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৫। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৬। জেলা প্রশাসক, কক্সবাজার
- ০৭। সিভিল সার্জন, কক্সবাজার
- ০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
- ০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কক্সবাজার
- ১০। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার
- ১১। উপজেলা কর্মকর্তা, কক্সবাজার সদর, কক্সবাজার
- ১২। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), কক্সবাজার সদর, কক্সবাজার
- ১৩। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর, কক্সবাজার (ওয়েব পোর্টালে আপলোডের জন্য)
- ১৪। অফিস কপি

Ratmul
মিল্টন রায়

উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার

ফোন : ০৩৪১-৬৩৭১৫

ফ্যাক্স : ০৩৪১-৬৪৬৪১

e-mail: unocoxsbazar@mopa.gov.bd